Total No. of Printed Pages—8

**HS/XII/A. Sc. Com/B/20**

**2 0 2 0**

# BENGALI

**( Modern Indian Language )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt all parts of a question together at one place.

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) ''অসময়ে বা শূন্য _____ অলংকার প্রয়োগের বা রসিকতার চেষ্টার মত কদর্য্য আর কিছুই নাই।''

( সম্পদে / ভাণ্ডারে / সামগ্রীতে )

(খ) ''কাহারও অনুকরণ করিও না। অনুকরণে দোষগুলি _____ হয়, গুণগুলি হয় না।''

( অনুসৃত / অনুধাবিত / অনুকৃত )

(গ) ''তুমি যদি _____ হইতে পার, যদুপতি আসিয়া অবশ্য উদ্ধার করিতে পারেন।''

( ইন্দ্রাণী / পদ্মিনী / রুক্মিণী )

(ঘ) ''না মাইজি, আমাকে মাপ করবেন আমি _____ বিক্রি করি না।''

( নীতি / ধর্ম / শিক্ষা )

(ঙ) ''গাছটাকে প্রতিদিনই দেখাচ্ছে নিতান্ত _____ মতো।''

( নির্বোধের / অবুঝের / অসহায়ের )

(চ) ''ঐ গাছ যে ছিল তাঁর বলাইয়ের _____, তারই প্রাণের দোসর।''
( অনুরূপ / প্রতিরূপ / বিরূপ )

(ছ) ''যখন সকালে
নতুন শিক্ষার্থী লেখে তার _____ অক্ষর।''
( উচ্চশিক্ষার / বাল্য শিক্ষার / নতুন শিক্ষার )

২। *দু-একটি* শব্দ দ্বারা যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ''সরসী আরসি মোর। তুলি কুবলয়ে
(অমূল্য রতনসম) পরিতাম কেশে।''

'কুবলয়' শব্দটির অর্থ কী?

(খ) ''হাটে মাঠে বাটে এইমত কাটে বছর পনেরো-ষোলো,
একদিন শেষে ফিরিবারে দেশে বড়োই বাসনা হল॥''

উক্তিটি কার?

(গ) ''বাঙলা ভাষা উচ্চারিত হলে নিকানো উঠোনে ঝরে
রোদ, বারান্দায় লাগে জ্যোৎস্নার চন্দন।''

কোন্ কবিতার পংক্তি?

(ঘ) ''কাননে কুসুম কলি ফোটে, গো-রাখালের বাঁশি
হাওয়াকে বানায় মেঠো সুর, পুকুরে কলস ভাসে।''

কবির নাম কী?

(ঙ) ''হায় সখি, আর কি লো পাব প্রাণনাথে?''

এখানে 'প্রাণনাথ' বলে কাকে সম্বোধন করেছেন?

(চ) ''তুমি আমার গুরুদেবকে ডাকিতে পাঠাও।''

এখানে 'গুরুদেব'-এর নাম কী?

৩। *দু-একটি* শব্দ দ্বারা যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'রাজসিংহ' উপন্যাসের পঞ্চম পরিচ্ছেদের নাম কী?

(খ) ''মহারাজাধিরাজ! আমি আপনার পাদস্পর্শ করিয়া শপথ করিতেছি, আর কখনও দস্যুতা করিব না।''

এখানে 'আমি' বা 'দস্যু'-র নাম লেখ।

(গ) ''ব্রাহ্মণ বলিলেন, 'আমি ভিক্ষুক ব্রাহ্মণ, আমার কাছে কি থাকিবে?' '' এখানে 'ব্রাহ্মণ'-এর নাম কী?

(ঘ) রাণা রাজসিংহ কোথাকার রাজা?

(ঙ) ''আমি যেন উঠিয়া গেলাম—কিন্তু যাঁহার দ্বারা প্রতিপালিত হইতেছি, আমাকে তাঁহার হিত খুঁজিতে হয়।''

উক্তিকারক কে?

৪। যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

(ক) ''বিদ্যা প্রকাশের চেষ্টা করিবেন না।''
বক্তা কে? কোন্ পাঠ্যাংশের অন্তর্গত? ১+১=২

(খ) ''বোধ করি সেই শোকে দাদার খেয়াল গেল, তিনি বিলেতে ইঞ্জিনিয়ারিং শিখতে গেলেন।''

এখানে 'দাদা' বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কি শোক ভুলতে পারছেন না? ১+১=২

(গ) ''যে ভাষা আপনি জানেন না, পরের গ্রন্থের সাহায্যে সে ভাষা হইতে কদাচ উদ্ধৃত করিবেন না।''

লেখকের নাম কী? কাদেরকে পরের গ্রন্থ থেকে উদ্ধৃতি নিতে বারণ করছেন? ১+১=২

(ঘ) ''বলাই তার বন্ধুর ছবি নিয়ে যেতে চাইল।''

এখানে বলাই-এর বন্ধু বলতে কাকে বোঝানো হয়েছে? সে কোথায় বন্ধুর ছবি নিয়ে যেতে চায়? ১+১=২

(ঙ) ''সোজা লইয়া গেল ফার্স্ট ক্লাস ওয়েটিং রুমে''

কে কাকে ওয়েটিং রুমে নিয়ে গেল? কেন নিয়ে গেল? ১+১=২

৫। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর সংক্ষেপে লেখ : ২×৫=১০

(ক) ''মা আমার দোলনা দুলিয়ে কাটছেন
ঘুম পাড়ানিয়া ছড়া কোন্ সে সুদূরে; সত্তা তার আশাবরী।''

পংক্তিটি কোন্ কবিতার অংশ এবং কবির নাম কী? 'আশাবরী' বলতে কি বোঝাচ্ছে? ১+১=২

(খ) ''অতিথি আসিত নিত্য করভ-করভী
মৃগশিশু, বিহঙ্গম, স্বর্ণ-অঙ্গ কেহ,
কেহ শুভ্র, কেহ কাল, কেহ বা চিত্রিত।''

কে, কার কাছে এ কথাগুলি বলছেন? 'করভ-করভী' শব্দের অর্থ কী? ১+১=২

(গ) ''দেখ সখি, এ রাজকান্তি দেখিয়া তোমার কি বিশ্বাস হয় না যে, ইনি অগতির গতি, অনাথার রক্ষক?''

কার 'রাজকান্তি'র কথা বলা হয়েছে? এখানে 'সখি'র নাম কী? ১+১=২

(ঘ) ''হেনকালে হায়, যমদূতপ্রায় কোথা হতে এল মালী।
ঝুঁটি-বাঁধা উড়ে সপ্তম সুরে পাড়িতে লাগিল গালি।''

কে, কাকে উদ্দেশ্য করে এ কথাগুলি বলছে? ১+১=২

(ঙ) ''আপনি সেই সিংহাসনে আসীন—আপনি সেই সংগ্রামের, সেই প্রতাপের বংশধর।''

কে, কাকে বলছেন? ১+১=২

(চ) ''প্রয়োজন হইলে প্রাণবিসর্জন করিব, প্রতিজ্ঞা করিয়াছি; কিন্তু তথাপি এই অষ্টাদশ বৎসর বয়সে এ অভিনব জীবন রাখিতে বাসনা হয়।''

এখানে 'অষ্টাদশ বৎসর বয়স' কার? 'অভিনব' শব্দের অর্থ কী? ১+১=২

(ছ) ''বাপু, জানো তো হে, করেছি বাগানখানা,
পেলে দুই বিঘে প্রস্থে ও দীঘে সমান হইবে টানা—ওটা দিতে হবে।''

বক্তা কে? কাকে বলছেন? ১+১=২

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) ''বলাইকে লোভ দেখালুম, এর বদলে খুব ভালো কতকগুলো গোলাপের চারা আনিয়ে দেব।''

বলাইকে কে লোভ দেখালেন? 'এর বদলে' বলতে কী বোঝাচ্ছেন? বক্তার কথায় বলাই-এর প্রতিক্রিয়া কী হলো? বলাই-এর কাকী তখন কী বললেন? ১+১+১+১=৪

(খ) ''নার্য্যস্তু যত্র পূজ্যন্তে রমন্তে তত্র দেবতা, একথা আমাদের মনুতেই লেখা আছে মশাই।''

বক্তা কে? কোন্ পাঠ্যাংশের অন্তর্গত? 'মনু' কী? বক্তা কাদেরকে উদ্দেশ্য করে এ কথাগুলি বলছেন? ১+১+১+১=৪

(গ) ''যাহা লিখিবেন, তাহা হঠাৎ ছাপাইবেন না।''

কোন্ পাঠ্যগ্রন্থের অন্তর্গত? লেখকের মনের ভাব এরূপ হওয়ার কারণ কী? ১+৩=৪

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) ''সূর্যদেব অস্ত গেলে খদ্যোত কি জ্বলে না? শিশির ভরে নলিনী মুদ্রিত হইলে ক্ষুদ্র কুন্দকুসুম কি বিকশিত হয় না?''

বক্তা কে? কোন উপন্যাসের কোন্ পরিচ্ছেদের অংশ? বক্তার চরিত্রটি বিশ্লেষণ করে উক্তিটির যথার্থতা বিচার কর। ১+৩+৪=৮

(খ) নির্মলকুমারী কে? উপন্যাসে তার ভূমিকা কী, তার চরিত্র বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১+৩+৪=৮

(গ) 'রাজসিংহ' উপন্যাসের প্রথম পরিচ্ছেদটি কী নামে পরিচিত? কেন? পরিচ্ছেদটি বিশ্লেষণ করে নামটির যুক্তিযুক্ততা বিচার কর। ২+২+৪=৮

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''বাংলা ভাষা
উচ্চারিত হলে অন্ধ বাউলের একতারা বাজে
উদার গৈরিক মাঠে, খোলা পথে, উত্তাল নদীর
বাঁকে বাঁকে; নদীও নর্তকী হয়।''

কবির নাম কী? কবিতাটির নাম কী? এর মাধ্যমে কবির মনে বাংলাদেশের ও বাংলাভাষার প্রতি যে আবেগ ও বিচিত্র মনোভাবের পরিচয় পাওয়া যায়, তা তোমার পঠিত কবিতার মাধ্যমে নিজের ভাষায় ব্যক্ত কর। ২+২+(৩+৩)=১০

(খ) ''ছিনু মোরা সুলোচনে, গোদাবরী তীরে
কপোত কপোতী যথা উচ্চ বৃক্ষ চূড়ে
বাঁধি নীড়, থাকে সুখে; ছিনু ঘোর বনে,
নাম পঞ্চবটী, মর্ত্যে সুর-বন-সম।''

কে, কার কাছে এ কথাগুলি বর্ণনা করছেন? সংক্ষেপে 'পঞ্চবটী' বনের বর্ণনা দাও। অল্প কথায় বক্তার পরিচয়টি পরিস্ফুট কর। ২+৩+৫=১০

(গ) ''তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে॥''

'আমি' কে? কোন্ কবিতার অংশ ও কবি কে? কবিতাটি বিশ্লেষণ করে সাধু ও চোর-এর ছবিটি অঙ্কন কর। ১+৩+৬=১০

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''সমাজের একদিকে অমানবিক আচরণ আর অন্যদিকে মানবিকতার ছবি ফুটে উঠেছে।'' 'দুধের দাম' গল্প অবলম্বনে উক্তিটির যৌক্তিকতা বিচার কর। ৫+৫=১০

(খ) ''আমি বললুম, 'মালীকে বলতে হবে, এটা উপড়ে ফেলে দেবে।' ''

'আমি' কে? কাকে উদ্দেশ্য করে কথাগুলি বলছেন? 'এটা' বলতে কী বোঝানো হয়েছে? 'এটা'র প্রতি বক্তা এবং উদ্দিষ্ট ব্যক্তি—এই দুইজনের মনোভাবের পার্থক্য দেখাও? 'এটা'র শেষ পরিণতি কী হয়েছিল? ২+২+২+৪=১০

(গ) ''এই নিয়মগুলি বাঙ্গালা লেখকদের দ্বারা রক্ষিত হইলে, বাঙ্গালা সাহিত্যের উন্নতি বেগে হইতে থাকিবে।''

উদ্ধৃতিটি কার? কী কী নিয়ম পালন করবার কথা লেখক বলেছেন? নিয়মগুলি নিজের ভাষায় সংক্ষেপে লেখ। ১+৩+৬=১০

১০। উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **তিনটি**) : ২×৩=৬

তদ্ভব শব্দ ; চলিত ভাষা ; অভিশ্রুতি ; সমীভবন ; অপিনিহিতি ; স্বরসঙ্গতি।

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে, উল্লেখ কর (যে-কোন **একটি**) :

রিসকা ; শকতি ; ইস্টিশন ; বিলিতি।

(খ) নীচের পংক্তিটির অলঙ্কার নির্ণয় কর :

''ভারত ভারতখ্যাত আপনার গুণে।''

১২। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন **দুটি**) : ৩×২=৬

উপমা ; শ্লেষ ; সমাসোক্তি ; অনুপ্রাস।

১৩। বঙ্গানুবাদ কর (যে-কোন **চারটি**) : ২×৪=৮

(ক) Students should maintain the laws of health.

(খ) They should get up early in the morning and early should they take a walk.

(গ) In ancient times pupils who used to live at the house of their teacher, had to render various services to him.

(ঘ) They were in the habit of getting up before day-break.

(ঙ) For the teacher they gather various things and avoiding sleep during day-time.

(চ) They would remain engaged in the discussion of the Shastras with a self-controlled mind.

(ছ) Early rising, early walking and laborious work made their body healthy and strong.

১৪। নীচের অনুচ্ছেদটির সারমর্ম লেখ : ৮

''বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা—
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখতাপে-ব্যথিত চিতে নাই-বা দিলে সান্ত্বনা,
দুঃখে যেন করিতে পারি জয়।
সহায় মোর না যদি জুটে নিজের বল না যেন টুটে—
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা,
নিজের মনে না যেন মানি ক্ষয়।।''

১৫। নীচের যে-কোন **একটি** বিষয় অবলম্বনে নিবন্ধ লেখ : ১০

(ক) মেঘালয়ের প্রাকৃতিক সৌন্দর্য

(খ) সমাজের কল্যাণার্থে ছাত্র সমাজের অবদান

(গ) বাঙালীর প্রধান উৎসব

(ঘ) গ্রন্থাগার

★★★